



WAIVER OF PREMIUM RIDER

Physical disablement, critical illness and severe injury এর জন্য বীমা আর্থিক নিরাপত্তা যখন আপনার খুব বেশী প্রয়োজন।

প্রিমিয়াম:

বীমাত্রাহক তার মূল পলিসির প্রিমিয়ামের ৬% হারে প্রদান করলে ওয়েভার অব প্রিমিয়াম রাইডারের সুবিধা প্রাপ্য হবেন। এ রাইডার প্রিমিয়ামের হার মেয়াদী, প্রত্যাশিত মেয়াদী এবং আজীবন মেয়াদী পলিসির জন্য প্রযোজ্য হবে। এ প্রিমিয়ামের হার সাময়িক মেয়াদী বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য নয়।



জীবন বীমা কর্পোরেশন

একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান



WAIVER OF PREMIUM RIDER

Physical disablement, critical illness and severe injury Coverage you need, when it counts the most.

উদাহরণ:

ধরি, একজন ৪০ বছর বয়সী বীমাত্রাহক ১০ লক্ষ টাকার একটি পলিসি গ্রহণ করলে তার মূল পলিসির বার্ষিক প্রিমিয়াম হবে ১০,৭১৯/- টাকা। উক্ত বীমাত্রাহক যদি Waiver of Premium Rider টি গ্রহণ করতে চায়, তাহলে তাকে $(১০,৭১৯ \times ৬ \div ১০০) = ৬৪৩.১৪$ টাকা অতিরিক্ত প্রিমিয়াম প্রদান করতে হবে।

এ রাইডার গ্রহণের মাধ্যমে
শারিরিক অক্ষমতা হলে আপনি
প্রিমিয়াম প্রদানের ভাবনা হতে মুক্তি
পাবেন।



জীবন বীমা কর্পোরেশন

একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান

প্রধান কার্যালয়: ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন: ০২-২২৩৩৮৩৮৮৭, ০২-২২৩৩৮২০৪৭

ই-মেইল: tad@jbc.gov.bd, ই-মেইল: www.jbc.gov.bd

মুদ্রণ: সংগতি প্রিন্টার্স, কার্গো-১০১.০১.০১.০১.০১.০১, তারিখ: ১৪/০৫/২০২৩, সংখ্যা: ২০.০০০ টি।

সুখে দুঃখে আপনজন
জীবন বীমা কর্পোরেশন

WAIVER OF PREMIUM RIDER



জীবন বীমা কর্পোরেশন

একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান

WAIVER OF PREMIUM RIDER

ভূমিকা:

মানুষ প্রতিনিয়ত ঝুঁকির সম্মুখীন হয়। বীমাত্রাহক তার বীমা চুক্তির মধ্যে অসুস্থতা ও ইনজুরির কারণে শারীরিক অক্ষমতার জন্য প্রিমিয়াম প্রদানে অক্ষম হলে বীমাত্রাহীতার পলিসিটি তামাদি হয়ে যায় এবং তামাদি হওয়ার জন্য বীমাত্রাহীতা বীমা সুবিধা থেকে বঞ্চিত হয়। এসব কথা বিবেচনায় নিয়ে জীবন বীমা কর্পোরেশন Waiver of Premium Rider টি চালু করেছেন।

এ রাইডারটি গ্রহণ করলে বীমাত্রাহক তার শারীরিক অক্ষমতা, গুরুতর অসুস্থতা এবং গুরুতর ইনজুরির জন্য প্রিমিয়াম মওকুফের সুবিধা পাবে।

রাইডার নেয়ার যোগ্যতা

- রাইডার নেয়ার বয়স: যেকোন ব্যক্তি এ রাইডার নিতে পারেন, যদি তার বয়স ১৮-৫৫ এর মধ্যে হয় এবং তিনি সুস্বাস্থ্যের অধিকারী হন।
- মেয়াদ: মূল পলিসির অনুরূপ
- প্রিমিয়াম প্রদানের ধরণ: মূল পলিসির অনুরূপ।

বৈশিষ্ট্যাবলী:

১. প্রবেশকালীণ সর্বোচ্চ বয়স ৫৫ বছর।
২. বীমার মেয়াদ মূল পলিসির অনুরূপ।
৩. কভার: শারীরিক অক্ষমতা, গুরুতর অসুস্থতা এবং গুরুতর ইনজুরির জন্য প্রিমিয়াম মওকুফ করা হবে।
৪. রাইডারের জন্য প্রত্যাশিত সুবিধা প্রযোজ্য নয়।
৫. রাইডারের জন্য সমর্পণ মূল্য পরিশোধযোগ্য নয়।
৬. এ রাইডারের জন্য মেয়াদান্তর দাবী পরিশোধযোগ্য নয়।
৭. সাধারণতঃ একজন ব্যক্তিকে প্রতিবন্ধী বলে গণ্য করা হবে, যদি তিনি পেশাগত দায়িত্ব পালনে অক্ষম হয়। অক্ষমতার প্রশ্নে উপযুক্ত কারণ থাকতে হবে।

দাবী পরিশোধ:

- শারীরিক অক্ষমতার বিষয়ে ডাক্তার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ডাক্তারী প্রত্যয়নপত্র যথাযথভাবে পরীক্ষা করার পর অবশিষ্ট মেয়াদের জন্য প্রিমিয়াম মওকুফ করা হবে এবং মেয়াদ শেষে পূর্ণ মেয়াদের অর্জিত বোনাসসহ মেয়াদান্তর দাবী প্রাপ্য হবে।

যেসব ক্ষেত্রে বীমা ঝুঁকি কার্যকর হবে না:

এ রাইডারের সুবিধা প্রযোজ্য হবে না। যদি পলিসি নেওয়ার পূর্বে শারীরিক প্রতিবন্ধকতা ও শারীরিক অসুস্থতা থাকে।

দায় অস্বীকারমূলক বিবৃতি:

১। যেখানেই ব্যবহৃত হোক 'রাইডার' শব্দটি বলতে যেকোনো সম্পূর্ণ চুক্তি(সমূহ)কে অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং ইহা সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা জেবিসির কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি (সমূহ) জেবিসি কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হবে। মূল পলিসির সাথে যদি রাইডার সংযুক্ত থাকে, রাইডার-এর অবসান এবং/অথবা মেয়াদপূর্তীর তারিখে স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে অথবা প্রিমিয়াম প্রদানের মেয়াদ শেষে যেটি আগে ঘটে।

২। এ রাইডারটি জীবন বীমা কর্পোরেশন কর্তৃক অবলিখনকৃত এবং সর্বদা মূল পলিসি ও রাইডারের শর্তাদি ও শর্তাবলী সাপেক্ষে জারিকৃত। এ তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। শর্তাদি ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে। এখানে অন্তর্ভুক্ত তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

